সাগর-রুনি হত্যার বিচারের দাবিতে মানববন্ধন

আজ ৩ সেপ্টেম্বর মঙ্গলবার সকাল ১১টায় জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশ পেশাজীবী সাংবাদিক পরিষদ (বপসপ) এর উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়। উক্ত মানববন্ধনে সভাপতিত্ব করেন বাংলাদেশ পেশাজীবী সাংবাদিক পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি ও বাংলাদেশ গণতান্ত্রিক মুক্তি আন্দোলনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মোঃ আশরাফ আলী হাওলাদার।
সভাপতির বক্তব্যে তিনি বলেন, সাংবাদিক দম্পত্তি সাগর-রুনি সহ সকল সাংবাদিকদের হত্যার বিচার অতি দ্রুত করতে হবে। বিগত সরকার সাগর-রুনি হত্যাকান্ডের বিচার না করার জন্য বিভিন্ন অযুহাত দিয়ে বার বার প্রতিবেদন পিছিয়ে দিয়েছে। অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার কাছে আমাদের দাবি অতিদ্রুত সাগর-রুনি সহ সকল সাংবাদিক হত্যাকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি। তিনি আরো বলেন, সাংবাদিক সুরক্ষা আইন প্রণয়ন করতে হবে। সাংবাদিকদের হয়রানী, নির্যাতন, হামলা, মামলা বন্ধ করতে হবে। সাংবাদিকদের ৬০’র উর্ধে বয়স হলে সাংবাদিকদের জন্য সম্মানী ভাতা সর্বনিম্ন ২০ হাজার টাকা ও এককালীন পেনশন ভাতা চালু করতে হবে। উক্ত মানববন্ধনে সংহতি জানিয়ে বক্তব্য রাখেন, বাংলাদেশ জাস্টিস পার্টির সভাপতি আবুল কাশেম মজুমদার, বাংলাদেশ দেশ দরদী পার্টির চেয়ারম্যান ক্বারী মাওলানা বোরহান উদ্দিন চিশতী, বাংলাদেশ গণতান্ত্রিক মুক্তি আন্দোলনের ভারপ্রাপ্ত মহাসচিব তোজাম্মেল হক তাজেম, সহ-সাংগঠনিক সম্পাদক অলিউল্লহ চৌধুরী, শ্রম বিষয়ক সম্পাদক মোঃ আলমগীর হোসেন, ঢাকা মহানগর দক্ষিণের সভাপতি মোঃ খেজুর মিয়া। আরো বক্তব্য রাখেন বাংলাদেশ পেশাজীবী সাংবাদিক পরিষদের দপ্তর সম্পাদক ফয়সাল আহমেদ, সহ-প্রচার সম্পাদক মনজুর হোসেন, মহিলা সম্পাদিকা সালমা আক্তার লিজা, সদস্য হোসেন মোহাম্মদ লিটন, মোকাম্মেল হক নকিবসহ অন্যান্য নেতৃবৃন্দ।